সংবাদ

তারিখ ... ৪ AUG 2017 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২ ...

# ঢাবি শিক্ষক তোফায়েলের নিয়োগ অবৈধ রায় বহাল

নিজস্ব বার্তা পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের শিক্ষক তোফায়েল আহমেদের নিয়োগ অবৈধ ঘোষণা করে হাইকোর্টের দেয়া রায় বহাল রেখেছেন আপিল বিভাগ। ফলে তোফায়েল আহমেদের নিয়োগ অবৈধ ঘোষণা বহাল রইল বলে জানিয়েছেন আইনজীবীরা।

গতকাল হাইকোর্টের রায়ের স্থগিত চেয়ে করা আবেদনের শুনানি নিয়ে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন আপিল বেঞ্চ 'নো অর্ডার' এর আদেশ দেন। আদালতে আবেদনের পক্ষে শুনানি করেন আইনজীবী সগীর আনোয়ার। সঙ্গে ছিলেন ব্যারিস্টার গোলাম সারোয়ার পায়েল। আর ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম ও আইনজীবী এএফএম মেজবাহ উদ্দিন।

গত ২৫ জুলাই তোফায়েল আহমেদের নিয়োগ অবৈধ ঘোষণা করে রায় দেন হাইকোর্ট। এ বিষয়ে জারি করা রুল আংশিক মঞ্জুর করে রায় দেন বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমানের হাইকোর্ট বেঞ্চ। রায়ের পর ওই দিন আইনজীবী গোলাম সরোয়ার পায়েল বলেন, গত বছরের ২ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগে দুজন প্রভাষক নিয়োগে বিজ্ঞপ্তি দেয়া হয়। বিজ্ঞপ্তিতে আবেদনকারীদের এসএসসি ও এইচএসসিতে যোগ্যতা চাওয়া হয় সিজিপিএ - ৫ এর মধ্যে ন্যূনতম ৪.২৫।

পরে দর্শন বিভাগ গত বছরের ২৯ ডিসেম্বর ৫ জনকে নিয়োগ দেন। কিন্তু নিয়োগপ্রাপ্তদের মধ্যে খন্দকার তোফায়েল আহমেদের সিজিপিএ-৩.১৯। সিজিপিএ'র শর্ত পূরণ না করার পরও তোফায়েলকে নিয়োগ দেয়ায় হাইকোর্টে রিট করেন শিক্ষক পদে আরেক আবেদনকারী এইচ এম মিরাজ সৌরভ। ওই রিট আবেদনের শুনানি নিয়ে ৩০ জানুয়ারি নিয়োগের সব শর্ত পূরণ না করার পরও ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগে শিক্ষক নিয়োগ দেয়ায় রুল জারি করেছিল হাইকোর্ট।